শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
১ জহির রায়হান সড়ক (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫।
www.banbeis.gov.bd

স্মারক নং- ৩৭.২০.০০০০.০০১.১৮.০১৪.১৩(পার্ট-২)/ ৫৪০২(৩)

তারিখ: ১১ জ্যৈষ্ঠ ১৪২৯
২৫ মে ২০২২

**বিষয়: সুশাসন প্রতিষ্ঠায় বিষয়ে অংশীজনের সাথে ভার্চুয়াল মতবিনিময় সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব কায়ছার রহমান<br>পরিচালক, ব্যানবেইস |
| সভার স্থান | : | অনলাইন জুম প্লাটফর্ম |
| সভার তারিখ | : | ১৯ মে ২০২২ |

সভাপতি সভায় উপস্থিত এবং ভার্চুয়ালি সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি বলেন, জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্মপরিকল্পনায় অংশীজনদের সাথে সভা আয়োজনের বাধ্যবাকতার অংশ হিসেবে আজকের এই সভা। সভাপতিরর অনুমতিক্রমে জনাব মোহাম্মদ ফখরুল হাসান পরিসংখ্যান কর্মকর্তা ব্যানবেইস-এর কার্যক্রম সম্পর্কিত নিম্নোক্ত প্রেজেন্টেশন উপস্থাপন করে:

-সমন্বিত শিক্ষাতথ্য ও পরিসংখ্যান বিনির্মাণ এবং আইসিটি প্রশিক্ষিত দক্ষ মানব সম্পদ উন্নয়নের লক্ষ্যে কাজ করে যাচ্ছে।

-ব্যানবেইস-এর গুরুত্বপূর্ণ কাজ হল:

(i) শিক্ষাতথ্যের আর্ন্তজাতিক সংস্থা UIS ও HCI এ প্রতিবছর তথ্য প্রেরণ ও শিক্ষা সেক্টরে বার্ষিক/পঞ্চবার্ষিক পরিকল্পনা ও বাজেট প্রণয়নে ব্যবহৃত প্রস্তুত ও সরবরাহ,
(ii) শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত অনলাইন জরিপ পরিচালনা করে প্রতিবেদন প্রকাশ এবং ডাটাবেজ হালনাগাদকরণ,
(iii) বিভিন্ন মন্ত্রণালয়, দপ্তর ও সংস্থার চাহিদা অনুযায়ী শিক্ষাতথ্য সরবরাহ,
(iv) শিক্ষা গবেষণা পরিচালনা,
(v) Web Enable ও Mobile Apps-এর মাধ্যমে শিক্ষাতথ্য সরবরাহসহ বিভিন্ন সেবা প্রদান,
(vi) বিভিন্ন দপ্তর-অধিদপ্তর-এর কর্মকর্তা-কর্মচারীদের এবং স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষকদের ICT বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা।

২। আইসিটি বিভাগের সিস্টেম এনালিস্ট জনাব কে.এম হাসানুল্লাহ মাহমুদ বলেন, ব্যানবেইস-এ অবস্থিত ৫টি ল্যাবে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ব্যানবেইস-এর কর্মকর্তা-কর্মচারী এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা পর্যায়ের শিক্ষকদের আইসিটি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করে থাকে। এছাড়া উপজেলাস্থিত ১২৫টি ইউআইটিআরসিই-তে স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষকদের প্রশিক্ষণ প্রদান করা হয়।

৩। জনাব কাজী ইলিয়াস উদ্দিন আহমেদ, চীফ, ডিএলপি বিভাগ, ব্যানবেইস বলেন, শিক্ষা বিষয়ক প্রায় লক্ষাধিক পেপার ক্লিপিংস ওয়েব এনাবল করা হয়েছে। ব্যানবেইস-এর রাজস্ব বাজেটের আওতায় শিক্ষা সম্পর্কিত গবেষণা করে থাকে। শিক্ষার বিভিন্ন গুরুত্বপূর্ণ প্রতিবেদন, ব্যানবেইস প্রকাশনা ই-বুক আকারে ওয়েব এনাবল করা হয়েছে। এছাড়া ব্যানবেইসের সমৃদ্ধ লাইব্রেরীর মাধ্যমে পাঠকদের সেবা প্রদান করা হচ্ছে।

৪। জনাব শেখ মো: আলমগীর, চীফ, পরিসংখ্যান বিভাগ, ব্যানবেইস বলেন, প্রতি বছর ব্যানবেইস কর্তৃক শিক্ষা প্রতিষ্ঠান বার্ষিক জরিপের মাধ্যমে প্রায় ৩৬০০০ প্রাথমিকত্তোর শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য সংগ্রহ করা হয়ে থাকে। সংগৃহীত তথ্যের ভিত্তিতে পরিকল্পনা মাফিক নীতি নির্ধারণে ব্যানবেইস কর্তৃক বিভিন্ন গুরুত্বপূর্ণ শিক্ষা বিষয়ক Indicator এর ডেটা প্রস্তুত করা হয়ে থাকে। এছাড়া বিভিন্ন অধিদপ্তর দপ্তর ও বোর্ড-এর চাহিদা অনুযায়ী তথ্য সরবকরাহ করা হয়ে থাকে।

৫। সভাপতি ব্যানবেইস-এর সেবার মান উন্নয়ন, নতুন সেবা সংযোজনের বিষয়ে ব্যানবেইস-এর বর্তমান কাজ বা সেবা সম্পর্কে মতামত প্রদানের জন্য উপস্থিত অংশীজনদের আহবান জানান।

৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সাভার জনাব মোছা: কামরুন্নাহার জানান, শিক্ষা প্রতিষ্ঠান জরিপ পরিচলানাকালে তথ্য প্রদানকারী শিক্ষকদের তথ্যছক সম্পর্কে সম্যক জ্ঞান না থাকায় প্রায়শই তথ্য সংগ্রহ ব্যাঘাত সৃষ্টি হয়। এ লক্ষ্যে তিনি জরিপের তথ্যছকের উপর শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের পর্যায়ক্রমে প্রশিক্ষণ প্রদানের বিষয়ে গুরুত্বারোপ করেন।

চলমান পাতা-২

৭। থানা শিক্ষা অফিসার, ডেমরা জনাব কে. এম. সায়েদা ইরানী বলেন, শিক্ষাতথ্য সরবরাহে ব্যানবেইস-এর ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ উল্লেখ করে বলেন, শিক্ষাক্ষেত্রে দেশেকে সামনের দিকে এগিয়ে নিয়ে যাওয়ার স্বার্থে ব্যানবেইস ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের অফিসসমূহের মধ্যে সমন্বয় সাধন করে শিক্ষাতথ্য ব্যবস্থাপনা কার্যক্রমকে আরো কার্যকর করা যেতে পারে।

৮। জেলা শিক্ষা অফিসার জনাব মো: আবদুল মজিদ জরিপ চলাকলীন সার্ভার যথাযথভাবে সচল রাখা ও ব্যানবেইস কর্তৃক প্রকাশিত টেলিফোন ডিরেক্টরির যথাযথভাবে হালনাগাদকরণের উপর গুরুত্বারোপ করেন এবং এ বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের অনুরোধ জানান।

৯। সভাপতি উপস্থিত অংশীজনদের মতামতকে স্বাগত জানিয়ে বলেন, শিক্ষাতথ্যের ভিত্তিতে সকল শিক্ষাক্ষেত্রে বিভিন্ন পরিকল্পনা প্রণয়ন ও নীতি নির্ধারণ করছে। শিক্ষাতথ্য ব্যবস্থাপনার অংশীজনের গুরুত্বপূর্ণ মতামতকে বিবেচনায় নিয়ে ব্যানবেইস সামনের দিকে এগিয়ে যাবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করে।

১০। সভায় অংশীজনদের সুপারিশ অনুযায়ী নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক) ব্যানবেইস কর্তৃক প্রকাশিত টেলিফোন ডিরেক্টরি আরো নির্ভুল ও সতর্কতার সাথে হালনাগাদকরণ করা হবে;

(খ) জরিপ চলাকালীন সার্ভার যথাযথভাবে সচল রাখার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হবে; এবং

(গ) মানসম্পন্ন শিক্ষা নিশ্চিতকরণে সরকারের নিকট প্রয়োজনীয় তথ্য উপাত্ত তুলে ধরার স্বার্থে সহায়ক গবেষণা কার্যক্রমের পরিধি বিস্তারের উদ্যোগ গ্রহণ করা হবে।


১১। পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


**(হাবিবুর রহমান)**
মহাপরিচালক
☎ ৪১০৬০৭০৭
ই-মেইল: dg@banbeis.gov.bd

**<u>বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)</u>**

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সদয় অবগতির জন্য)।
২। ফোকাল পয়েন্ট, জাতীয় শুদ্ধাচার কৌশল/উত্তম চর্চা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩। পরিচালক, ব্যানবেইস।
৪। চীফ, পরিসংখ্যান বিভাগ/চীফ, ডিএলপি বিভাগ/সিস্টেম এনালিস্ট, আইসিটি বিভাগ, ব্যানবেইস।
৫। জনাব..................................................।
৬। অফিস কপি।

**সুশাসন প্রতিষ্ঠায় অংশীজনের সাথে ভার্চুয়াল মতবিনিময় সভার উপস্থিতিঃ**




25.09.21

নূর মোহাম্মদ
পরিসংখ্যান কর্মকর্তা
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়